# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ রেলওয়ে এর প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব ও পশ্চিম অঞ্চলের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বরঃ ৪৪/২০২২**

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ রেলওয়ে এর প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব ও পশ্চিম অঞ্চলের হিসাব
সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বরঃ ৪৪/২০২২**

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | v |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ১ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৭ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | **অধ্যায়-২** | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১১ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৫ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ৩৭ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এর প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব ও পশ্চিম অঞ্চলের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করা এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৯ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধানসহ রেলপথ মন্ত্রণালয়ের প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

**(মোহাম্মদ মুসলিম চৌধুরী)**
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

তারিখ ঃ............................ বঙ্গাব্দ
৩০/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ ।

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য :**

এই রিপোর্ট রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে এর প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব ও পশ্চিম অঞ্চলের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট ক্রাইটেরিয়া হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ঃ**

বাংলাদেশ রেলপথ সরকারি মালিকানা ও সরকার কর্তৃক পরিচালিত দেশের একটি মুখ্য পরিবহণ সংস্থা। বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে আইন, ১৮৯০ এর অধীনে পরিচালিত। বাংলাদেশ রেলওয়ের মোট ২৯৫৫.৫৩ কি.মি. রুট রয়েছে। দেশের এক প্রান্তকে অন্য প্রান্তের সাথে সংযোজন করার জন্য রেলপথ একটি গুরুত্বপূর্ণ স্থল পরিবহণ ব্যবস্থা।

জুন ২, ১৯৮২ পর্যন্ত একজন চেয়ারম্যান ও চারজন মেম্বারসহ রেলওয়ে বোর্ডের নিকট রেলপথের ব্যবস্থাপনা ও উন্নয়ন ন্যস্ত ছিল। তারপর প্রশাসনিক ও কার্যপরিচালনার সুবিধার্থে ৩ জুন, ১৯৮২ সালে রেলওয়ে বোর্ডের বিলুপ্তি কার্যকর হয় ও রেলওয়ে বোর্ডের কার্যক্রম যোগাযোগ মন্ত্রণালয়ের রেলওয়ে বিভাগের নিকট ন্যস্ত হয় এবং উক্ত বিভাগের সচিব বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ১২ আগস্ট, ১৯৯৫ সালে রেলপথের দৈনন্দিন কার্যক্রম মন্ত্রণালয় থেকে আলাদা হয়ে রেলওয়ে প্রফেশনালদের নিয়ে মহাপরিচালকের হাতে ন্যস্ত হয়। নীতি নির্ধারণের জন্য যোগাযোগ মন্ত্রণালয়ের মন্ত্রীকে চেয়ারম্যান করে ৯ সদস্য বিশিষ্ট Bangladesh Railway Authority (BRA) গঠিত হয়।

অতিরিক্ত মহাপরিচালক ও যুগ্ম মহাপরিচালকগণ সমস্ত প্রশাসনিক ও নীতি নির্ধারণের কাজ সম্পন্ন করেন। বাংলাদেশ রেলওয়েকে পূর্ব ও পশ্চিম দুই অঞ্চলে ভাগ করা হয়। দুই অঞ্চলের প্রশাসনিক নিয়ন্ত্রণে দুইজন মহাব্যবস্থাপক রয়েছেন। মহাব্যবস্থাপকগণ বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের নিকট দায়বদ্ধ হন। দুই অঞ্চলের মহাব্যবস্থাপককে সহায়তা করেন বিভিন্ন বিশেষায়িত দপ্তর, যারা কার্য পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনার জন্য দায়িত্বশীল থাকেন। প্রত্যেক জোন আবার দুইটি প্রধান কার্য পরিচালনা বিভাগে বিভক্ত। এই বিভাগগুলো বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (DRM) এর অধীনে পরিচালিত হয় এবং সংস্থাপন, পরিবহণ, বাণিজ্যিক, আর্থিক, যান্ত্রিক, ওয়ে এন্ড ওয়ার্কস, সংকেত ও টেলিযোগাযোগ, বৈদ্যুতিক, চিকিৎসা, নিরাপত্তা বাহিনীর মত বিভিন্ন বিশেষায়িত দপ্তরের বিভাগীয় কর্মকর্তারা তাকে সহায়তা করে থাকেন। বাংলাদেশ রেলওয়ের নিরাপদ, স্বাচ্ছন্দ্যময় পরিবহন ব্যবস্থা সুনিশ্চিত করতে পর্যাপ্ত, সক্ষম, গতি সম্পন্ন রোলিং স্টক (লোকোমোটিভ, কোচ, ওয়াগন) থাকা আবশ্যক। এসকল লোকোমোটিভ, কোচ, ওয়াগান ক্রয়, রক্ষণাবেক্ষণ ও মেরামতের মাধ্যমে ব্যবহার উপযোগী করার জন্যই রেলওয়ের যান্ত্রিক বিভাগের সৃষ্টি। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ের আওতাধীন অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এর নিয়ন্ত্রণাধীন প্রধান যন্ত্রপ্রকৌশলী, পূর্ব ও পশ্চিম; নির্বাহী পরিচালক (মেকানিক্যাল), প্রধান যন্ত্র প্রকৌশলী(লোকো); প্রধান যন্ত্রপ্রকৌশলী/স্টান্ডার্ড এন্ড প্রসিডিউর এর কার্যালয়ের আওতাধীন বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, লোকো ও বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/ক্যারেজ এন্ড ওয়াগন এর কার্যালয়সমূহের প্রত্যক্ষ তত্ত্বাবধানে রোলিং স্টকসমূহ মেরামত ও সংরক্ষণের জন্য মালামাল ক্রয় এবং উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী, ডিপো ও লোকো কারখানাসমূহে সরবরাহ দেয়া হয়। বাংলাদেশ রেলওয়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী উর্ধ্বতন উপ-সহকারী, ডিপো ও লোকো এবং কারখানাসমূহের মাধ্যমে লোকোমোটিভ, কোচ, ওয়াগনসমূহ নির্ধারিত সিডিউল অনুযায়ী মেরামতপূর্বক আউটার্ন দিতে হয়।

বাংলাদেশ রেলওয়ের যান্ত্রিক বিভাগের অর্গানোগ্রাম ঃ



**প্রধান কার্যক্রমসমূহ (Key Functions):**
**বাংলাদেশ রেলওয়ের যন্ত্র প্রকৌশল বিভাগের কার্যাবলী:**

- লোকোমোটিভ ক্যারেজ, ওয়াগনের রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কাজ।
- পরিচালন বিভাগকে প্রয়োজন মোতাবেক লোকোমোটিভ, ক্যারেজ ও ওয়াগন সরবরাহ।
- ট্রেন পরিচালনার সাথে সম্পৃক্ত মেকানিক্যাল অপারেশন।
- যান্ত্রিক বিভাগের সকল কারখানা লোকোসেড এবং ক্যারেজ ও ওয়াগান ডিপোসমূহে অবস্থিত যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ।
- লোকোমোটিভ/পাওয়ার কারের জন্য প্রয়োজনীয় জ্বালানি তেল সংগ্রহ।
- রিলিফ ট্রেন রক্ষণাবেক্ষণ ও দুর্ঘটনার ক্ষেত্রে উদ্ধারকার্য পরিচালনা করা।
- লোকোমোটিভ ক্যারেজ, ওয়াগন, যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশের স্পেসিফিকেশন প্রস্তুতকরণ।

মুখ্য কৃতি নির্দেশক **(Key Performance Indicator):**

- সিডিউল মোতাবেক লোকোমোটিভ, কোচ, ওয়াগন মেরামত ও সংরক্ষণ করা।
- নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার জন্য স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জন করা।
- ভান্ডার বিভাগ এবং ভোক্তা বিভাগের চাহিদার প্রেক্ষিতে মালামাল উৎপাদন ও মেরামত করা।
- রিলিজ মালামাল ডিপোতে জমা দেওয়ার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ।

**প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো, ঢাকা, পূর্ব, চট্টগ্রাম ও পশ্চিম, রাজশাহী কার্যালয়ের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে বাজেট ও ব্যয়ের বিবরণ :**

( লক্ষ টাকা)

| ক্রঃ নং | অফিসের নাম | অর্থ বছর | বাজেট | ব্যয় |
|---|---|---|---|---|
| ০১. | প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো, রেলভবন, ঢাকা। | ২০২০-২১ | ১৩৪৫৮.৫৬ | ১১৮২৫.৪৭ |
| ০২. | প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব, বিআর, চট্টগ্রাম। | ২০১৯-২০ | ৪২৬৫৭.১৫ | ৩৪৩৯২.৯০ |
| | | ২০২০-২১ | ৪০৯৯৮.২৮ | ৩০৩৩৮.৫৮ |
| ০৩. | প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম, বিআর, রাজশাহী। | ২০২০-২১ | ৩৫৫২৪.০৪ | ৩২৭৩২.৩১ |

(উৎস: ২০১৯-২০২০ জুন/এফ, ২০২০-২১ জুন/পি)

**অডিটের আইনগত ভিত্তিঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধিঃ**

- যন্ত্র প্রকৌশল বিভাগ কর্তৃক ক্রয়
- যন্ত্র প্রকৌশল বিভাগ কর্তৃক মেরামত
- যন্ত্র প্রকৌশল বিভাগ কর্তৃক সংরক্ষণ ব্যবস্থাপনা

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:**

**অডিটের বিষয়বস্তু ঃ** বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো, পূর্ব, পশ্চিম ও ঢাকা কার্যালয়ের ক্রয়, মেরামত, মজুদ ও সংরক্ষণ ব্যবস্থাপনা।

**অডিটের কৌশল ঃ**

- ঝুঁকিপূর্ণ ইউনিট এর ব্যয়ের তথ্য সংগ্রহ করা হয়েছে।
- নিরীক্ষায় ম্যাটেরিয়ালিটি নির্ধারণ নিরীক্ষকের উপর নির্ভর করে। ম্যাটেরিয়ালিটি Judgemental ভিত্তিতে নির্ধারণ করা হয়েছে।
- নিরীক্ষার প্রকৃতি, সময়, নিরীক্ষা পদ্ধতি, নিরীক্ষা পরিধি এবং নিরীক্ষার ফলাফল মূল্যায়নপূর্বক গুরুত্বপূর্ণ পরিমাণবাচক ও গুণবাচক বিষয়কে ম্যাটেরিয়াল হিসেবে গণ্য করা হয়েছে।
- ম্যাটেরিয়ালিটি নির্ধারণের ক্ষেত্রে স্টক হোল্ডার, জনস্বার্থ, আইনানুগ বাধ্যবাধকতা এবং সামাজিক দায়বদ্ধতার মত গুরুত্বপূর্ণ বিষয়সমূহকে বিবেচনায় আনা হয়েছে।
- নিরীক্ষা পরিকল্পনায় বস্তুগতভাবে প্রতিষ্ঠান এর Nature, Value ও Context ইত্যাদি Quality কে তাৎপর্যপূর্ণ হিসেবে বিবেচনায় নেওয়া হয়েছে ।
- পূর্ব অভিজ্ঞতার (অডিট আপত্তি ও নিরীক্ষার অভিজ্ঞতা) ভিত্তিতে তুলনামূলকভাবে ঝুঁকিপূর্ণ এনটিটি নির্বাচন তথা Qualitative Materiality এর ভিত্তিতে নিরীক্ষাযোগ্য ইউনিট নির্ধারণ করা হয়েছে।

**অডিট সময়কাল ঃ**

প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো, পূর্ব ও পশ্চিম কার্যালয় ঃ ১২/০৯/২০২১খ্রি. হতে ১৫/১২/২০২১ খ্রি. ।

# নির্বাহী সারসংক্ষেপ

পরিবহন অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন রেলপথ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো, ক্যারেজ এন্ড ওয়াগন, পূর্ব ও পশ্চিম কার্যালয়ের ২০১৯-২০২০, ২০২০-২০২১ অর্থবছরের হিসাবের ক্রয়, মেরামত, মজুদ ও সংরক্ষণ ব্যবস্থাপনার ওপর সম্পাদিত কাজের রেকর্ডপত্র নমুনায়নের মাধ্যমে তথ্য সংগ্রহপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি বিধান লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দূর্বলতা, মেকানিক্যাল কোড এবং ম্যানুয়াল ও আর্থিক বিধি বিধান, পিপিআর-২০০৮ পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়।

এই রিপোর্টে ০৯টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত অর্থের পরিমাণ ১০,৫৯,৪৪,৬৬১ ( দশ কোটি উনষাট লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত একষট্টি টাকা মাত্র)

এই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- পিপিএ/২০০৬ ও পিপিআর/২০০৮ অনুসরণ না করা।
- বাজার মূল্যের চেয়ে অস্বাভাবিক মূল্যে মালামাল ক্রয় করা।
- চুক্তি শর্ত লংঘনপূর্বক স্পেসিফিকেশন বহির্ভূত মালামাল সংগ্রহ করা।
- নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর ভ্যাট কর্তন করা ।
- সরকারি পাওনা আদায় না করা।
- মেকানিক্যাল কোড, ম্যানুয়াল এবং অন্যান্য আদেশ/আইন/বিধি/পরিপত্র পরিপালন না করা।
- চুক্তি অনুযায়ী কাজ না করা।
- জিএফআর এর বিধি-১০ অনুসরণ না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| ADG | : | Additional Director General |
| BRA | : | Bangladesh Railway Authority |
| CCS | : | Chief Controller of Stores |
| CME | : | Chief Mechanical Engineer |
| CRB | : | Central Railway Building |
| DCOS | : | Divisional Controller of Stores |
| DME | : | Divisional Mechanical Engineer |
| DS(W) | : | Divisional Superintendent (Workshop) |
| DRM | : | Divisional Railway Manager |
| FA&CAO | : | Financial Adviser and Chief Accounts Officer |
| GM | : | General Manager |
| GOH | | General Overhauling |
| KPI | : | Key Performance Indicator |
| LTM | : | Limited Tender Method |
| OTM | : | Open Tender Method |
| RTA | : | Railway Training Academy |
| TS | : | Technical Specification |
| VAT | : | Value Added Tax |

# অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ

| ক্র. নং | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১. | বাজার মূল্য অপেক্ষা অধিক মূল্যে মালামাল ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি | ৮২,৯৮,০১৪ |
| ২. | ডেমু ট্রেন চলাচল বন্ধ থাকা সত্ত্বেও জ্বালানি ও যন্ত্রাংশ ক্রয় বাবদ সরকারের অপচয় | ২,৪৬,৬৮,৭৪১ |
| ৩. | কারখানায় লোকো, কোচ ও ওয়াগন না থাকা সত্ত্বেও মালামাল খরচ দেখানোর ফলে আর্থিক ক্ষতি | ৮১,৬৮,৩৩৬ |
| ৪. | চালানের মাধ্যমে গ্রহণকৃত মালামাল বাস্তবে না পাওয়ায় আর্থিক ক্ষতি | ৫৬,৯৯,৫৪০ |
| ৫. | মেরামতযোগ্য আইটেম হওয়া সত্ত্বেও মেরামত না করে অপ্রয়োজনীয়ভাবে ক্রয় করায় আর্থিক অপচয় | ২৮,৯৪,৯০০ |
| ৬. | নিরাপত্তা সামগ্রীর মালামাল ক্রয় না করেই বিল প্রদান করায় আর্থিক ক্ষতি | ১,৫৭,১৪,৪৯৮ |
| ৭. | ভান্ডার বিভাগ অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে মালামাল ক্রয় করে ঠিকাদারকে পরিশোধ করায় ক্ষতি | ৩৫,৭৩,২৮২ |
| ৮. | উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ না করে সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করে বিল পরিশোধ করায় সরকারের অনিয়মিত ব্যয় | ৫৩,২০,০২০ |
| ৯. | পিপিআর-২০০৮ এর বিধি ২৯ লঙ্ঘনপূর্বক মালামালের টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ না করেই মালামাল ক্রয় | ৩,১৬,০৭,৩৩০ |
| | মোট = | ১০,৫৯,৪৪,৬৬১ |

**(কথায়: দশ কোটি উনষাট লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত একষট্টি টাকা মাত্র)**

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**অনুচ্ছেদ নং-০১**

**শিরোনাম: বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ দরে মালামাল ক্রয় করায় সরকারের ৮২,৯৮,০১৪ (বিরাশি লক্ষ আটানব্বই হাজার চৌদ্দ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী/পশ্চিম, বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, লোকো, লালমনিরহাট এবং বিভাগীয় তত্ত্বাবধায়ক, কারখানা, সৈয়দপুর এবং প্রধান যন্ত্র প্রকৌশলী/পূর্ব এর অধীন বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, লোকো, পাহাড়তলী, সহকারী যন্ত্র প্রকৌশলী (আইসি), ক্যারেজ এন্ড ওয়াগন, পাহাড়তলী, বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, লোকো ও ক্যারেজ এন্ড ওয়াগন, কমলাপুর এবং প্রধান যন্ত্র প্রকৌশলী/লোকো রেলভবন, ঢাকা এর অধীন কর্মব্যবস্থাপক/ডিজেল, কমলাপুর, ঢাকা কার্যালয়ে ২০২০-২১ অর্থবছরে বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ দরে মালামাল ক্রয় করায় ৮২,৯৮,০১৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০১]**।

নিরীক্ষায় বিল রেজিস্টার, দাপ্তরিক প্রাক্কলন, বিল, চালান ও চুক্তিপত্র পর্যালোচনায় দেখা যায়, ক্রয়কৃত মালামালের ক্রয় মূল্য স্থানীয় বাজার মূল্য অপেক্ষা বেশি এবং একই মালামাল অন্য দপ্তর কর্তৃক অপেক্ষাকৃত কমমূল্যে ক্রয় করা হয়েছে। তালিকায় বর্ণিত মালামালসমূহ যেমন বিয়ারিং পুলার, স্ট্যান্ডার্ড পিভিসি বোর্ড, সিসি ক্যামেরা, সালফিউরিক এসিড, হাইড্রো মিথানল, ক্যাবল, সাদা টুইল কাপড়, গ্যাস ব্রেক সিলিন্ডার,গ্যাস ভ্যাকুয়াম ইত্যাদি স্থানীয় বাজার মূল্যের সাথে সরবরাহকারী/ ঠিকাদারের মুনাফা, আয়কর, ভ্যাট এবং পরিবহন খরচ যোগ করে নির্ধারিত মূল্য হয় ৫০,৪৪,৯৩৬ টাকা। কিন্তু বর্ণিত মালামালসমূহের দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করে ১৩৩,৪২,৯৫০ টাকার চুক্তি সম্পাদন করা হয়েছে। ফলে বাজার মূল্য অপেক্ষা উচ্চদরে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করে মালামল ক্রয় করায় সরকারের (১৩৩,৪৩,১০০ - ৫০,৪৫,০৮৬) = ৮২,৯৮,০১৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

জিএফআর বিধি-১০ (১) এবং রেলওয়ে জেনারেল কোড ভলিয়ম-১ এর প্যারা ৮০৭(১) অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন এবং পিপিআর-২০০৮ এর বিধি ১৬ (৫) (ক) এ ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্ত করণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহবানের পূর্বে উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ক্রয়কারী কর্তৃক নিজ এবং অন্য ক্রয়কারীর প্রতিনিধিসহ তিনজন সদস্য সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলন ব্যয় প্রস্তুত করার এবং দাপ্তরিক প্রাক্কলন ব্যয় প্রস্তুতকালে পরিবহন ব্যয়, ওভারহেড, মুনাফা, ঝুঁকি, ভৌগলিক অবস্থান, জটিলতা অনগ্রসরতা, জেলা সদর ব্যয় কর্মস্থল হতে দূরত্ব, প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর এবং অগ্রিম আয়করসহ আনুষঙ্গিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করার দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুতের নির্দেশনা থাকলেও আলোচ্য ক্ষেত্রে উক্ত নির্দেশনা পরিপালন করা হয়নি উল্লিখিত বিধি পরিপালন না করে মালামাল ক্রয় করায় সরকারের (২২,৫৯,৩৫৯ + ৪৯,৭৬,২১৫ + ১০,৬২,৪৪০)= ৮২,৯৮,০১৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০১(১-৩)]।**

**অনিয়মের কারণ:**

জিএফআর বিধি-১০ (১) এবং রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭(১) ও পিপিআর/০৮ এর বিধি ১৬(৫ক) লংঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

**ক) সিএমই/পশ্চিমঃ** অত্র দপ্তরে ২০২০-২০২১ অর্থবছরে প্রিন্টারের টোনার কার্টিজ ক্রয় কার্যে পিপিআর/২০০৮ এর বিধি ১৬(৫ক) এবং জিএফআর এর বিধি ১০ সঠিকভাবে অনুসরণপূর্বক ক্রয়কার্য সম্পাদন করা হয়েছে। সুতরাং এক্ষেত্রে বাজারদর অপেক্ষা অধিক মূল্যে মালামাল ক্রয় করা হয়নি।

**খ) ডিএস ডব্লিউ/কারখানা, সৈয়দপুর: (ডব্লিউ এম)** রেলওয়েতে আধুনিক মানসম্পন্ন বিজি ভারতীয় এলএইচবি সকল কোচের ও সাদা ইন্দোনেশিয়ান বিজি ৬৪ টাইপের কোচের ফ্লোরে ব্যবহৃত অত্যন্ত গুরুত্বপূর্ণ পিভিসি ফ্লোরিং ম্যাট বিশেষায়িত একটি আইটেম, যার প্রস্থ- ১৬২৬ মিমি. এবং পুরুত্ব-২ মিমি.। তাছাড়া এই ফ্লোরিং ম্যাট অধিক প্লাই যুক্ত এবং স্লিপিং রেজিস্ট্যান্স গুণসম্পন্ন, অধিক ক্ষয়রোধী এবং দীর্ঘস্থায়ীত্ব সম্পন্ন হওয়ায় আইটেমটি সচরাচর স্থানীয় বাজারে সরবরাহ পাওয়া যায় না। এই পিভিসি ফ্লোরিং ম্যাটের সাইজ ও পুরুত্ব এবং গুণগত মান বিবেচনায় বাজারে প্রাপ্ত পিভিসি ফ্লোরিং ম্যাট হতে সম্পূর্ণ আলাদা এবং অধিক গুণগত মান সম্পন্ন। পিপিআর-২০০৮ এর বিধিমালা অনুসরণপূর্বক দরপত্র আহবানের মাধ্যমে সর্বনিম্ন দরদাতার নিকট হতে মালামালগুলি সংগ্রহ করা হয়েছে এবং গেট পাশে গেট ইনচার্জ এর স্বাক্ষরসহ ডকুমেন্ট আছে। এক্ষেত্রে কোন অনিয়ম হয়নি এবং সরকারের কোন আর্থিক ক্ষতি সাধিত হয়নি।

মিলরাইট শপের মালামালসমূহ বিশেষায়িত হওয়ায় এ ধরণের মালামাল সচরাচর স্থানীয় বাজারে সরবরাহ পাওয়া যায় না। PPR-2008 এর মাধ্যেমে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক Tender আহবানের মাধ্যমে মালামালগুলি সংগ্রহ করা হয়। ০৩ সদস্য বিশিষ্ট বাজার দর যাচাই কমিটির মাধ্যমে মালামালগুলির বাজার দর যাচাই করা হয়েছে। ফলে বাজারদর থেকে অধিকমূল্যে মালামাল ক্রয়ের কোন সুযোগ নেই।

**গ ) বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/লোকো, পাহাড়তলী:** বাজারে প্রাপ্ত সিসি ক্যামেরার মূল্য উহার কর্ম ক্ষমতার উপর নির্ভর করে। সরবরাহকৃত সিসি ক্যামেরার একক মূল্যের সাথে সেটআপ ও ইন্সটলেশন খরচ, বছরব্যাপী ডাটা ট্রান্সফার খরচ ও রক্ষণাবেক্ষণ খরচ, ভ্যাট, আইটি, পরিবহণ, লভ্যাংশসহ অন্যান্য বিক্রয়োত্তর সেবার খরচ সংযুক্ত করায় উহা বাজারে প্রাপ্ত নিম্ন ক্ষমতার সিসি ক্যামেরার একক মূল্যের সাথে তুলনা করে খরচ বেশী মনে হয়েছে। ভবিষ্যতে এ ধরণের প্যাকেজে প্রতিটি আইটেমের মূল্য পৃথকভাবে সংযুক্ত করে শুধুমাত্র সিসি ক্যামেরার মূল্য উল্লেখ করা হবে, যাতে কোন বিভ্রান্তি সৃষ্টি না হয়।
পূর্বোক্ত বছরের এলপিআর এবং বর্তমান বাজার দর প্রায় কাছাকাছি হওয়ায় তদানুযায়ী অফিশিয়াল ইস্টিমেট তৈরী করা হয়েছে। অডিট টিম কর্তৃক কাপড়ের যে মূল্য উত্থাপন করা হয়েছে তা বাজারদরের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। খ) করোনা মহামারীর কারণে দেশব্যাপী লকডাউন এর ফলে একদিকে মার্কেটসমূহ দীর্ঘদিনের জন্য বন্ধ ছিল। অন্যদিকে বাজারে প্রায় সকল পণ্যের দাম বৃদ্ধি পায়। আপত্তিকৃত ফোম, ব্লিচিং পাউডার, অগ্নি নির্বাপক যন্ত্র এবং মেট্রেস এর ক্রয় মূল্য তৎকালীন বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল। এছাড়া সরবরাহকৃত আইপিএসগুলোর ভোল্টেজ পাওয়ার রেটিং ও ইন্ড্রাষ্ট্রিস গ্রেডের এবং উচ্চ ক্ষমতা সম্পন্ন। যার কারণে সাধারণ বাসাবাড়িতে ব্যবহৃত আইপিএসের চাইতে এগুলোর মূল্য অনেক বেশী। অন্যদিকে এনসি থিনার, ফেদার ব্রাশ ও ঝুট যথাযথভাবে বাজারদর দর যাচাই পূর্বক সংগ্রহ করা হয়েছে।

**ঘ) সহকারী যান্ত্রিক প্রকৌশলী (ইনচার্জ), ক্যারেজ এন্ড ওয়াগন, পাহাড়তলী, চট্টগ্রাম:** বর্ণিত সিসি ক্যামেরাসমূহ নাইট ভিশন এবং হাই রেজুলেশন ছিল বিধায় স্থানীয় বাজারে অন্যান্য ক্যামেরার চাইতে কিছুটা উচ্চ মূল্যের ছিল। তাছাড়া প্রকৃত মূল্যের সাথে সরবরাহকারীর মুনাফা, পরিবহন ব্যয়, ঝুঁকি ও ভ্যাট-ট্যাক্স যুক্ত হওয়ায় মোট মূল্য কিছুটা বৃদ্ধি পেয়েছে।

**ঙ) বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/লোকো, কমলাপুর, ঢাকা** : অত্র বিভাগের ক্ষেত্রে ভোক্তা বিভাগের প্রয়োজন হয় ৭০-৮০% (V/V) ঘন মাত্রার সালফিউরিক এসিড যা যথাযথ ভাবে সরবরাহ পাওয়া যায় এবং নিরীক্ষাধীন সরবরাহকৃত সালফিউরিক এসিডের প্রাক্কলিত মূল্য ঘন মাত্রার ভিত্তিতে, বৈশ্বিক মহামারির কারণে তৎকালীন বাজার মূল্য এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলিত মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।

**চ) বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/ক্যারেজ এন্ড ওয়াগন, কমলাপুর, ঢাকা:** পিপিআর-২০০৮ অনুসারে যথাযথভাবে দাপ্তরিক প্রাক্কলনের জন্য কমিটি গঠন করা হয় এবং উক্ত কমিটির প্রাপ্ত প্রাক্কলনের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করা হয়, যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয় বিধায় এক্ষেত্রে সরকারের আর্থিক ক্ষতির কোন অবকাশ নেই এবং জিএফআর বিধি-১০ (১) লঙ্ঘন হয়নি।

**ছ) কর্মব্যবস্থাপক/ডিজেল, কমলাপুর, ঢাকা:** চুক্তিপত্র নং- এস/এপিপি/এলটিএম- ৫৭/২১ এর আওতায় যে সকল মালামাল/যন্ত্রাংশ ক্রয় করা হয়েছে তা বাজারে বিদ্যমান কোন যন্ত্রাংশ নয় বরং এটি ডিজেল লোকোমোটিভে ব্যবহারের জন্য সরবরাহকারীর কারখানায় উৎপাদিত বিশেষ ধরণের যন্ত্রাংশ। পিপিআর ২০০৮ এর বিধি ১৬(ক) অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রণয়নে ওভারহেড, ঠিকাদারের মুনাফা, ঝুঁকি, জটিলতা, VAT, IT ইত্যাদি বিবেচনা করে দর নির্ধারণ করা হয়েছে। আপত্তিতে বর্ণিত Gauge Break Cylinder, Gause Vacuum, Snubber Spring, Snubber Ring, Snubber Washer এগুলি ডিজেল লোকোমোটিভের জন্য বিশেষায়িত যন্ত্রাংশ, যা কখনোই বাজারে পাওয়া যায় না। চুক্তিতে আবদ্ধ ঠিকাদার M/S AB Engineering তার কারখানায় নিজস্ব প্রযুক্তিতে এবং বিশেষ Jigs & Fixuture ব্যবহার করে বর্ণিত যন্ত্রাংশ তৈরি পূর্বক কারখানায় সরবরাহ করেছেন **[বিস্তারিত জবাব পরিশিষ্ট-০১(8)]** ।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক বাজারদর যাচাই করে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত পূর্বক মালামালসমূহ ক্রয় করা হলেও স্থানীয় বাজার পর্যালোচনায় দেখা যায় যে, ক্রয়কৃত মালামালসমূহ স্থানীয় বাজার মূল্য অপেক্ষা অধিক মূল্যে ক্রয় করা হয়েছে। অডিটি প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত চুক্তিপত্রে (সিসি ক্যামেরা) উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী গৃহীত মালামালের প্রকৃত বাজারদর যাচাই করা হয়েছে। অন্যদিকে ১টি DVR এবং ১টি Western digital 6TB 3.5" HDD দ্বারা অনেকগুলো সিসি ক্যামেরা পরিচালিত হয়। ডিএমই/লোকো, কমলাপুর, ঢাকা এর জবাবে সালফিউরিক এসিডের Volume Per Volume ৭০-৮০% উল্লেখ করলেও ৭০-৮০% ঘনমাত্রার সালফিউরিক এসিডের প্রকৃত বাজারমূল্য কত তা নিশ্চিতভাবে বলা হয়নি। এছাড়া, বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/ক্যারেজ এন্ড ওয়াগন, কমলাপুর, ঢাকা কার্যালয়ের জবাবে Hydro Methanol Tido ক্রয়ের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলন কমিটির উদ্ধৃত মূল্যের ভিত্তিতে দরপত্র মূল্যায়নের কথা বলা হলেও প্রকৃত বাজার দরের অতিরিক্ত মূল্যে পণ্য সরবরাহ নেওয়ার সুযোগ নেই।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ দরে মালামাল ক্রয় করার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করত আপত্তিকৃত অর্থ দায়ি ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০২**

**শিরোনাম:** **ডেমু ট্রেন চলাচল বন্ধ থাকা সত্ত্বেও জ্বালানি ও যন্ত্রাংশ ক্রয় বাবদ সরকারের ২,৪৬,৬৮,৭৪১ (দুই কোটি ছেচল্লিশ লক্ষ আটষট্টি হাজার সাতশত একচল্লিশ) টাকা অপচয় ।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম এর অধীন এসএসএই, ইনচার্জ, লোকো, পার্বতীপুর কার্যালয়ে ২০২০-২০২১ অর্থবছরে ডেমু ট্রেন চলাচল বন্ধ থাকা সত্ত্বেও জ্বালানি ও যন্ত্রাংশ ক্রয় বাবদ সরকারের ২,৪৬,৬৮,৭৪১ টাকা টাকা অপচয় হয়েছে।

নিরীক্ষায় ডেমু ট্রেন চলাচল সংক্রান্ত নথি এবং তেল ইস্যু সংক্রান্ত রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় যে, বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, লালমনিরহাট এর ১০/০৬/২০১৯ খ্রি. তারিখের পত্রের সূত্রে ২ সেট ডেমু ট্রেনের মধ্যে ০১ সেট দীর্ঘদিন যাবৎ যান্ত্রিক ত্রুটির কারণে লোকোসেড/পার্বতীপুর এ অবস্থান করে। অবশিষ্ট ০১ সেট বিভিন্ন সময়ে চলাচল করার পর যান্ত্রিক ত্রুটির কারণে ২৫/০৩/২০২০খ্রি. তারিখে বন্ধ হয়ে যায়। উক্ত ০২(দুই) সেট ডেমু ট্রেন বন্ধকালীন ১৭১২ লিটার জ্বালানি তেল এবং ৩২২ লিটার লুবঅয়েল ইস্যু করা হয়েছে যার মূল্য ২,০০,০৭৫ টাকা। বিস্তারিত নিরীক্ষায় আরও দেখা যায় যে, দীর্ঘদিন বন্ধ থাকা ডেমু ট্রেন দুটির বিপরীতে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক/পাহাড়তলী/চট্টগ্রাম কার্যালয় কর্তৃক ২,৪৪,৬৮,৬৬৬/- টাকার বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় পূর্বক ডিসিওএস/পরিদর্শন/পাহাড়তলীর ফরওয়ার্ডিং মেমো নং-F/Memo no.B/FM/2020-21/48(A); Date:17-06-2021 এর মাধ্যমে সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক/ডিজেল/ পার্বতীপুর ডিপো বরাবর প্রেরণ করা হয়েছে।

রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারী অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন। এক্ষেত্রে উক্ত বিধি যথাযথভাবে পরিপালন না করার ফলে (২০০০৭৫+২,৪৪,৬৮,৬৬৬) = ২,৪৬,৬৮,৭৪১ টাকা ক্ষতি হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-০২**]।

**অনিয়মের কারণ:**

রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা -৮০৭ লংঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

২০২০-২০২১ অর্থবছরে কোভিড-১৯ এর কারণে ডেমু ট্রেন চলাচল না করার পরেও যে ১৭১২ লিটার এইচএসডি তেল এবং ৩২২ লিটার লুবওয়েল ইস্যু/খরচের ব্যাপারে আপত্তি করা হয়েছে, তার ব্যাখ্যা প্রদান করা হলো-

ব্যাখ্যা-১: ডিএমই/লোকো/পাকশী ও লালমনিরহাট মহোদয় এর ক.অ.নং যথাক্রমে-২৪/৩,১১৪/৩,তাং-২৪/০৩/২১ খ্রি. মোতাবেক ব্যাটারী চার্জিং এবং ট্রায়াল রানে ১০২২ লি. খরচ হয় । এমসি-১০০২৭ ও এমসি -১০০২৮ এর ফুয়েল ট্যাংকে যথাক্রমে ৩২৫ লি. ও ৩৬৫ লি. এইচএসডি তেল মজুদ আছে, যা এফআই-২তে লিপিবদ্ধ আছে।

ব্যাখ্যা-২: কোভিড-১৯ এর সময় ইঞ্জিন প্রতিদিন ৩০মিনিট করে চালু রেখে ব্যাটারী চার্জিং করাসহ মুভমেন্ট করার জন্য উল্লিখিত তারিখে কন্ট্রোল অর্ডারের মাধ্যমে টপিং করা হয়েছে। বর্তমানে সচল এমসি দুইটির ইঞ্জিন সাম্পের লুব অয়েল প্রায় ফুল মার্কে আছে। প্রতিটি এমসি এর ইঞ্জিন সাম্পের ক্যাপাসিটি ৩৩ লি. ।

ব্যাখ্যা-৩: কোভিড-১৯ এর সময় ইঞ্জিন প্রতিদিন ৩০মিনিট করে চালু রেখে ব্যাটারী চার্জিং করাসহ মুভমেন্ট করার জন্য উল্লেখিত তারিখে কন্ট্রোল অর্ডারের মাধ্যমে টপিং করা হয়েছে। বর্তমানে সচল এমসি দুইটির ইঞ্জিন সাম্পের লুব অয়েল প্রায় ফুল মার্কে আছে। প্রতিটি এমসি এর ইঞ্জিন সাম্পের ক্যাপাসিটি ৩৩ লি.।

ব্যাখ্যা-৪: কোভিড-১৯ এর সময় ইঞ্জিন প্রতিদিন ৩০মিনিট করে চালু রেখে ব্যাটারী চার্জিং করা সহ মুভমেন্ট করার জন্য উল্লিখিত তারিখে কন্ট্রোল অর্ডারের মাধ্যমে টপিং করা হয়েছে এবং ডিএমই/লোকো/লালমনিরহাট এর কঃ অঃ নং-৫৯/৪, তাং-২৮/০৪/২১ খ্রি. মোতাবেক ২৯/০৪/২১ খ্রি. তারিখে ৬০ লি. লুবওয়েল গুডস ট্রেনযোগে এসএসএই/আইসি/ ঢাকা এর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এসএসএই/আইসি/ঢাকা এর প্রাপ্তিস্বীকার পত্র নং-এস/০২/২১,তাং-০২/০৫/২১ খ্রি.।

ব্যাখ্যা-৫: সেডে ডেমু ট্রেন স্টার্ট এ চেকিং এবং চার্জিং এ রাখলে এমসি -১০০২৭ এর হাইড্রোলিক পাম্প মটরের অয়েল সীল নষ্ট হয়ে এর হাইড্রোলিক অয়েল লিকেজ হয়ে পড়ে যায়। পরবর্তীতে পাম্প মেরামত করে ক.অ.নং-১/৮/,তাং-৩১/০৮/২১ খ্রি. মোতাবেক উক্ত অয়েল রিফিলিং করা হয়। যা এখনো ট্যাংকে আছে।

ব্যাখ্যা-৬: উক্ত ন্যালকো -২১০০ উল্লিখিত তারিখে অত্র সেডে বেইজ লোকোমোটিভ সিডিউল সম্পাদনকালে পানির তাপমাত্রা নিয়ন্ত্রণের জন্য পানির ট্যাকে ব্যবহার করা হয়েছিল, যাহা কন্ট্রোল অর্ডার এর মাধ্যমে খরচ করা হয়েছে, ডেমুতে ব্যবহার করা হয় নাই।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, জবাবে শুধুমাত্র জ্বালানী তেল ব্যবহারের বিষয়ে বলা হয়েছে যার মূল্য ২,০০,০৭৫ টাকা। অথচ, দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকা ডেমু ট্রেন মেরামতের জন্য মালামাল মজুদ করা হয়েছে যার মূল্য ২,৪৪,৬৮,৬৬৬ টাকা। মালামাল ক্রয় এবং মজুদ করার বিষয়ে অডিটি প্রতিষ্ঠান জবাব প্রদানে বিরত থাকেন। এতে অনিয়মের বিষয়টি প্রতিষ্ঠিত হয়েছে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

উল্লিখিত অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিতে সমুদয় অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৩**

**শিরোনাম:** **কারখানায় লোকো, কোচ ও ওয়াগনসমূহের অবস্থান না থাকা সত্ত্বেও তাদের বিপরীতে মালামাল খরচ দেখানোর ফলে ৮১,৬৮,৩৩৬ (একাশি লক্ষ আটষট্টি হাজার তিনশত ছত্রিশ) টাকা ক্ষতি।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, লোকো রেলভবন, ঢাকা এর অধীন কর্মব্যবস্থাপক (ডিজেল) পাহাড়তলী ও প্রধান নির্বাহী, কেলোকা, পার্বতীপুর এবং প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম, রাজশাহী এর অধীন বিভাগীয় তত্ত্বাবধায়ক, কারখানা, সৈয়দপুর এর আওতাভুক্ত এসএসএই, ইনচার্জ, ক্যারেজ এবং বগী সপে ২০২০-২১ অর্থ বছরে কারখানায় লোকো, কোচ ও ওয়াগনসমূহের অবস্থান না থাকা সত্ত্বেও তাদের বিপরীতে মালামাল খরচ দেখানোর ফলে (৭০,৯০,৪১৬+১০,৭৭,৯২০)= ৮১,৬৮,৩৩৬ টাকা ক্ষতি হয়েছে ।

কারখানা ও সপসমূহে মালামাল গ্রহণ ও বিতরণ রেজিস্টার, চালান, বিল, ইস্যু মেমো(টিএম) এবং মাসিক লোকো, কোচ ও ক্যারেজের আউটটার্ন সংক্রান্ত রেকর্ড পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মালামালের বিতরণ রেজিস্টার/লেজার কার্ড নিরীক্ষিত কার্যালয় কর্তৃক সরবরাহকৃত হলেও আউটটার্ন রিপোর্ট অনুযায়ী যে তারিখে লোকো, কোচ ও ওয়াগনসমূহে বিভিন্ন ধরনের মালামাল ব্যবহার দেখানো হয়েছে, সেই তারিখগুলোতে উক্ত লোকো/কোচ/ওয়াগনসমূহ কারখানা/সপে অবস্থান করেনি। অর্থাৎ কারখানা/সপে লোকো/কোচ /ওয়াগনসমুহের অবস্থান না থাকা সত্ত্বেও তাদের বিপরীতে মালামালের ব্যবহার দেখানো হয়েছে যা রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ লংঘন । রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭(১) অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করবেন উল্লেখ থাকলেও তা পরিপালন করা হয়নি। ফলে ৮১,৬৮,৩৩৬ টাকা ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট** ০৩**(১-৩)]**

**অনিয়মের কারণ:**

রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ লংঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

**ক) কর্মব্যবস্থাপক/ডিজেল, পাহাড়তলী, চট্টগ্রাম:**

লোকোমোটিভ নং- ২৯০৪ ডিজেলসপে প্রবেশ করে ১৭/০৬/২০২১ খ্রি. এবং আউট হয় ২৫/০৮/২০২১ খ্রি., লোকোমোটিভ নং- ২৯১৪ ডিজেলসপে প্রবেশ করে ১৮/০৫/২০২১ খ্রি. অদ্যাবধি সপে অবস্থান করছে, লোকোমোটিভ নং- ২৭১২ ডিজেলসপে প্রবেশ করে ১৬/০৬/২০২১ খ্রি. এবং আউট হয় ১৬/০৮/২০২১ খ্রি., লোকোমোটিভ নং- ২৯৩৭ ডিজেলসপে প্রবেশ করে ০৭/০৩/২০২১ খ্রি. এবং আউট হয় ১৮/০৭/২০২১ খ্রি., লোকোমোটিভ নং- ২৬১৪ ডিজেলসপে প্রবেশ করে ২৮/০৪/২০২১ খ্রি. এবং আউট হয় ১৪/০৬/২০২১ খ্রি., লোকোমোটিভ নং- ২৯০৯ ডিজেলসপে প্রবেশ করে ২৯/০৪/২০২১ খ্রি. এবং আউট হয় ১৬/০৬/২০২১ খ্রি.। লোকোমোটিভ নং- ২৯১২ এর ক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত ক্রমিক নং:- ৩ ও ৪ অনুযায়ী মালামাল খরচের তারিখ দেখানো হয়েছে ২০/০৬/২০২১ খ্রি. কিন্তু লোকোমোটিভটি কারখানায় প্রবেশ করেনি এবং ঐ লোকোমোটিভের বিপরীতে কোন মালামাল উত্তোলন করা হয়নি।

**খ) প্রধান নির্বাহী, কেলোকা, পার্বতীপুর:**

GOH প্রোগ্রামভুক্ত লোকো কারখানায় অর্থ বছর শুরুর পূর্বেই প্রবেশ করে এবং GOH কাজ শুরু করা হয়। ইহা ছাড়াও কোন কোন ক্ষেত্রে স্পেশাল মেরামতের নিমিত্তে গৃহীত লোকোমোটিভ এর স্পেশাল মেরামত কাজের ব্যাপকতা, সময়, প্রয়োজনীয় মালামাল ও ম্যান পাওয়ার ইত্যাদি বিবেচনায় সিএমই লোকো মহোদয়ের অনুমোদনক্রমে উক্ত লোকোমোটিভগুলি GOH এ নেয়া হয়।

**গ) বিভাগীয় তত্ত্বাবধায়ক, কারখানা, এসএসএই, ইনচার্জ, ক্যারেজ সপ:**

৭৩০৫ নং কোচটি গত ২৮/০৪/২০২১ খ্রি. তারিখে আউটটার্ন দেওয়া হয়েছে। কিন্তু মালামাল ইস্যু ভাউচারে মিস্ত্রী কর্তৃক ভুলক্রমে মাসের ক্ষেত্রে ০৪ মাসের স্থলে ০৫ মাস লেখা হয়েছে এবং ৭৩০৩ নং কোচটি গত ১৮/০২/২০২১ খ্রি. তারিখে আউটটার্ন দেওয়া হয়েছে এবং মালামালের ইস্যু ভাউচারে তারিখ সঠিক আছে কিন্তু লেজার কার্ডে পোস্টিং দেওয়ার সময় ভুলক্রমে তারিখ ০৯/০২/২০২১ খ্রি. এর স্থলে ০৯/০৩/২০২১ খ্রি. লেখা হয়েছে। উল্লিখিত বিষয়টি অনাকাঙ্খিত এবং আগামীতে এ ধরণের ভুলের ব্যাপারে আমরা অধিকতর সতর্ক থাকব।

**ঘ) বিভাগীয় তত্ত্বাবধায়ক, কারখানা, এসএসএই, ইনচার্জ, বগী সপ:**

বগী সপে কোচের বগী ট্রলি গ্রহণ করার পর ট্রলির রিপিয়ারের কাজ সম্পাদন করা হয়, কিন্তু উক্ত কার্যোপযোগী বগী ট্রলিগুলি বিভিন্ন সময় বিভিন্ন সপ থেকে আউটটার্ন কোচে ব্যবহার হয়ে থাকে এবং এক কোচের বগী ট্রলি অন্য কোচে ব্যবহার হয়ে থাকে বিধায় মালামালের ইস্যুর তারিখের সহিত আউটটার্ন কোচের তারিখের অমিল থাকা সম্ভব। পরবর্তীতে তারিখ মিল থাকার ব্যবস্থা গ্রহণে সতর্ক থাকবো।

**নিরীক্ষা মন্তব্য:**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে আপত্তিটি স্বীকৃতি লাভ করেছে। কারণ, কারখানায়/সপে যেসকল লোকো/কোচ/ওয়াগন নেই অথবা মালামাল ইস্যুর তারিখের অনেক আগেই কারখানা হতে বেরিয়ে গেছে সেসকল লোকো, কোচ/ওয়াগনের বিপরীতে মালামাল ইস্যু দেখানো হয়েছে। আউটটার্ন রিপোর্ট মাস ভিত্তিক প্রণয়ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। প্রতিবেদনে তারিখ লেখার ক্ষেত্রে দুই/একটি ক্ষেত্র ব্যতীত ধারাবাহিকভাবে সকল ক্ষেত্রেই ভুল তারিখ লেখার জবাব গ্রহণ যোগ্য নয়।

উক্ত লোকোমোটিভসমূহ নিরীক্ষাযোগ্য সময়ে ইন ও আউটটার্ন হয়নি। তবুও উক্ত লোকোমোটিভসমূহের (জি/এফ) সিডিউল সংক্রান্ত মেরামত দেখিয়ে লোকোমোটিভের বিপরীতে স্টোর হতে মালামাল উত্তোলন দেখানো হয়। এতে প্রতীয়মান হয়, কাল্পনিকভাবে লোকোর ইন দেখানো হয়েছে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

উল্লিখিত অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৪**

**শিরোনাম: চালানের মাধ্যমে গ্রহণকৃত মালামাল বাস্তবে না পাওয়ায় ৫৬,৯৯,৫৪০ (ছাপান্ন লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত চল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম এর অধীনস্থ বিভাগীয় তত্ত্বাবধায়ক, সৈয়দপুর এর আওতাভুক্ত এসএসএই, ইনচার্জ, পেইন্ট এবং মিলরাইট সপসমূহে ২০২০-২১ অর্থ বছরে চালানের মাধ্যমে গ্রহণকৃত মালামাল বাস্তবে না পাওয়ায় ৫৬,৯৯,৫৪০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষায় সপসমূহের মালামাল গ্রহণ ও বিতরণ রেজিস্টার/লেজার কার্ড, চালান পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মালামালসমূহ চালানের মাধ্যমে গ্রহণ দেখানো হয়েছে এবং চালানে মালামাল গ্রহণপূর্বক রেজিস্টারভুক্ত করা হয়েছে মর্মে উল্লেখ করা হলেও সংশ্লিষ্ট রিসিভ রেজিস্টার/লেজার কার্ডে উক্ত মালামালসমূহের হিসাবভুক্তির প্রমাণক পাওয়া যায়নি। এছাড়াও উক্ত মালামাল কোথাও ব্যবহারের প্রমাণক পাওয়া যায়নি। রেলওয়ের জেনারেল কোড ভলিয়ম-১ এর প্যারা ১৮০১ অনুযায়ী রেলওয়ের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী মালামাল খরচ/ব্যয়ের ক্ষেত্রে সতর্ক থাকবেন যেন সরকারি অর্থের ক্ষতি সাধিত না হয়। এছাড়াও স্টোর কোড প্যারা- ৩৩৩০ এবং ৩৩৩১ মোতাবেক কোন মালামাল ঘাটতি হলে তার জন্য কর্তব্যরত ব্যক্তি দায়ি থাকবে।

আলোচ্য ক্ষেত্রে রেলওয়ে জেনারেল কোড এর স্টোর কোড এর প্যারাসমূহ অনুসরণ না করায় সরকারের ৫৯,৪৯,৫৪০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-৪(১-২)**]।

**অনিয়মের কারণ:**

রেলওয়ে জেনারেল কোড ভলিয়ম-১ এর প্যারা ১৮০১ এবং স্টোর কোড প্যারা- ৩৩৩০ এবং ৩৩৩১ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

**এসএসএই, ইনচার্জ, পেইন্ট সপ:** পরবর্তীতে হিসাবভুক্ত করার ব্যবস্থা গ্রহণে সতর্ক থাকিব।

**এসএসএই, ইনচার্জ, মিলরাইট সপ:** এলসিই-৭৮ মেশিনখানার মালামাল চালানের মাধ্যমে গৃহীত হয় এবং অত্র সপ ইনচার্জ দপ্তরে রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণ করা হয়। সংশ্লিষ্ট শাখায় মিস্ত্রী কর্তৃক রেজিস্টারে ভুলবশত তাহা সংরক্ষণ করা হয়নি। অত্র শাখার মিস্ত্রি সম্প্রতি অবসর গ্রহণ করেন। এই শাখায় পূর্বের ২৪ জনের বিপরীতে বর্তমানে ০২ জন জনবল আছে। লোকোবলের অভাব জনিত কারণে একই শাখার ফিটার দিয়ে কোন মতে শাখার কাজ পরিচালনা করা হচ্ছে।

**নিরীক্ষা মন্তব্য:**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে আপত্তিটি স্বীকৃতি লাভ করেছে। স্থানীয় কর্তৃপক্ষের জবাবের মর্মানুযায়ী মালামালসমূহ রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণ করার কোন প্রমাণক উপস্থাপন করা হয়নি এবং গ্রহণকৃত মালামাল কোথায় কিভাবে ব্যবহার করা হয়েছে তার প্রমাণক পাওয়া যায়নি।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

উল্লিখিত অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত অর্থ দায়ি ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায়সহ ভবিষ্যতে এরূপ অনিয়ম পরিহার করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৫**

**শিরোনাম: মেরামতযোগ্য আইটেম হওয়া সত্ত্বেও মেরামত না করে অপ্রয়োজনীয়ভাবে মালামাল ক্রয় করে ২৮,৯৪,৯০০ (আটাশ লক্ষ চুরানব্বই হাজার নয়শত) টাকা অপচয়।**

**বিবরণ:**

প্রধান যন্ত্র প্রকৌশলী/লোকো রেলভবন, ঢাকা এর অধীন প্রধান নির্বাহী, কেলোকা, পার্বতীপুর এর ডব্লিউএম/আর এবং ডব্লিউএম/পি কার্যালয়ে ২০২০-২১ অর্থবছরে মেরামতযোগ্য আইটেম হওয়া সত্ত্বেও মেরামত না করে অপ্রয়োজনীয়ভাবে ক্রয় দেখিয়ে ২৮,৯৪,৯০০ টাকা ব্যয় করা হয়েছে।

নিরীক্ষায় পরিশিষ্টে উল্লিখিত চুক্তিপত্র সংশ্লিষ্ট বিল-ভাউচার, স্টক আইটেম ক্রয়ের ক্ষেত্রে ভান্ডার বিভাগ হতে যন্ত্রাংশের মজুদ মালামালের তালিকা পর্যালোচনায় দেখা যায়, ডিসিওএস, পারবর্তীপুর কর্তৃক প্রদত্ত ২৫/০২/২১খ্রি. তারিখের রিপোর্ট অনুযায়ী পরিশিষ্টে বর্ণিত ৪টি পণ্য Gear case Uooer, Gear Case Lower, Nozzle, Holder No-10, Crankshaft Part No-09 মূলত স্টক এবং মেরামতযোগ্য আইটেম। স্টক আইটেম স্থানীয়ভাবে সংগ্রহ করা হলে ভান্ডার বিভাগকে জানানো প্রয়োজন। ভান্ডার বিভাগের প্রত্যয়ন অনুযায়ী দেখা যায়, যন্ত্রাংশগুলো মেরামতযোগ্য (Repairable) আইটেম। সে অনুযায়ী যন্ত্রাংশগুলো মেরামত করে কাজে লাগাতে হবে। কিন্তু মেরামত না করে অপ্রয়োজনীয়ভাবে (১৫,৫৭,৬০০+১৩,৩৭,৩০০)= ২৮,৯৪,৯০০ টাকা ব্যয় করা হয়েছে। জিএফআর বিধি-১০(২) মোতাবেক দৃশ্যত প্রয়োজনের অতিরিক্ত ব্যয় সমীচীন নয়। আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধি পরিপালন না করে অপ্রয়োজনীয়ভাবে ২৮,৯৪,৯০০ টাকা অপচয় করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০৫(১-২)]**।

**অনিয়মের কারণ:**

জিএফআর বিধি-১০(২) পরিপালন না করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

(ক) ২০২০-২০২১ অর্থবছরে মোট ২১টি লোকোমোটিভ GOH কাজ সম্পন্ন হয়। এর মধ্যে ১৩টি লোকোমোটিভ এলকো শ্রেণির। ১৩টির মধ্যে ১১টি লোকোমোটিভ বর্ণিত যন্ত্রাংশ রিপিয়ার করে GOH কাজ সম্পন্ন হয়। গ্রহণযোগ্য মাপ অতিক্রান্ত হলে আর মেরামত করার সুযোগ নেই। সেক্ষেত্রে নতুন মালামাল সংযোজন করতে হয়। ০২টি লোকোমোটিভের Crankshaft Band এবং Seized (Damage) যা কোনভাবেই মেরামত করা সম্ভব না হওয়ায় নতুন Crankshaft ক্রয়ের প্রয়োজন হয়। দীর্ঘদিন স্টোর বিভাগে মজুদ শূন্য হওয়ায় স্টোর বিভাগ হতে মজুদ শূন্য সনদের ভিত্তিতে লোকোমোটিভের আউটটার্নের স্বার্থে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

(খ) জিওএইচ লোকোসমূহ মেরামতের জন্য প্রস্তাবিত Gear Case ডিসিওএস/কেলোকা বরাবরে চাহিদা দাখিল করা হলে ডিসিওএস/কেলোকা কর্তৃক মালামালের দাখিলকৃত মজুদ সনদে মেরামতযোগ্য আইটেম হিসাবে মজুদ দেখানো হয়েছে। যেগুলি আরএন্ডআর বা Exchangeable Duplicate আইটেম। জনবল কমে যাওয়ায় মেরামত কাজ চরমভাবে ব্যাহত হচ্ছে। ফলে একান্ত বাধ্য হয়েই মেরামতের পাশাপাশি নতুন ক্রয়পূর্বক সংযোজন করতে হচ্ছে। **[বিস্তারিত পরিশিষ্ট-০৫(৩)]**।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। যেহেতু আইটেমগুলি ডিসিওএস এর রিপোর্ট অনুযায়ী স্টক এবং Repairable আইটেম। সে অনুযায়ী যন্ত্রাংশগুলি মেরামত করে কাজে লাগানো উচিত ছিল। কিন্তু তা না করে ক্রয় করা অর্থ অপচয় বলে গণ্য।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

বর্ণিত অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করত ভবিষ্যতে এ ধরনের অনিয়ম রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৬**

**শিরোনাম: নিরাপত্তা সামগ্রীর মালামাল বুঝে না পাওয়া সত্ত্বেও বিল প্রদান করায় ১,৫৭,১৪,৪৯৮ (এক কোটি সাতান্ন লক্ষ চৌদ্দ হাজার চারশত আটানব্বই) টাকা ক্ষতি।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, পূর্ব এর নিয়ন্ত্রণাধীন বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/লোকো, পাহাড়তলী, চট্টগ্রাম, সহকারী যন্ত্র প্রকৌশলী (ইনচার্জ), ক্যারেজ এন্ড ওয়াগন, পাহাড়তলী, চট্টগ্রাম, বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/লোকো, কমলাপুর, ঢাকা এবং বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, ক্যারেজ এন্ড ওয়াগন, কমলাপুর, ঢাকা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে নিরাপত্তা সামগ্রীর মালামাল বুঝে না পাওয়া সত্ত্বেও বিল প্রদান করায় ১,৫৭,১৪,৪৯৮ টাকা ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০৬(১)]।**

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট কার্যালয়সমূহে রক্ষিত বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয় বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৯-২০ অর্থ বছরে ১২০০০০২৮০১- সাধারণ প্রশাসনিক কার্যক্রম খাতের (দাবী-০১) অর্থনৈতিক কোড নং-৩২৫৩১০২ (নিরাপত্তা সামগ্রী খাত ) তে জুন/চূড়ান্ত, ২০২০ অনুযায়ী ০৪টি প্রতিষ্ঠানে নিরাপত্তা সামগ্রী খাত হতে সর্বমোট ১,৫৭,১৪,৪৯৮ টাকা ব্যয় দেখানো হয়। কিন্তু উক্ত ব্যয়িত অর্থের বিল-ভাউচার, আর নোটের কপি এবং মালামালের চালান ও মজুদ বিতরণ রেজিস্টারের কপি নিরীক্ষায় উপস্থাপনের জন্য লিখিত অনুরোধ জানানো হলে সংশ্লিষ্ট কার্যালয়সমূহ কর্তৃক লিখিত জবাবে জানায় যে, যে সকল মালামাল সরবরাহের কথা উল্লেখ করা হয়েছে তা অত্র দপ্তর কর্তৃক গ্রহণ করা হয়নি এবং বর্ণিত অর্থনৈতিক কোড নং ৩২৫৩১০২ (নিরাপত্তা সামগ্রী) তে ব্যয়িত অর্থের বিল ভাউচার, আর নোটের কপি এবং মালামালের চালান ও মজুদ বিতরণ রেজিস্টারের কপি অত্র দপ্তরে সংরক্ষিত নাই। সচিবালয় নির্দেশমালা ২০১৪ ক্রমিক ৯০(গ) অনুযায়ী ক্রয়-বিক্রয় এর রেকর্ডসমূহ তিন হতে পাঁচ বছর কালের জন্য সংরক্ষণ করতে হবে। কিন্তু তা পরিপালন না করা হয়নি। এছাড়া রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ অনুযায়ী প্রত্যেক রেলওয়ে কর্মকর্তা/কর্মচারী অর্থ ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করবেন যাতে সরকারি অর্থের ক্ষতি সাধন না হয়। কিন্তু উক্ত বিধি লংঘন করে ২০১৯-২০ অর্থ বছরে নিরাপত্তা সামগ্রীর মালামাল ক্রয় না করেই ১,৫৭,১৪,৪৯৮ টাকা ব্যয় দেখানো হয়েছে।

এখানে উল্লেখ্য যে, পরিশিষ্টে বর্ণিত মালামালগুলো নন স্টক আইটেম যা ক্রয় করা উচিত ছিল ব্যবহারকারী বিভাগের। কিন্তু এ ক্ষেত্রে রেলওয়ের স্টোর বিভাগ যা ক্রয়পূর্বক বিল পরিশোধ করা সত্ত্বেও ভোক্তা বিভাগ কর্তৃক মালামাল বুঝে পায়নি।

**অনিয়মের কারণ:**

রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ ও সচিবালয় নির্দেশমালা ২০১৪ ক্রমিক ৯০(গ) লংঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

**বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/লোকো, পাহাড়তলী, চট্টগ্রামঃ** উল্লিখিত আপত্তিতে যে সকল মালামাল সরবরাহের কথা উল্লেখ করা হয়েছে তা অত্র দপ্তর কর্তৃক গ্রহণ করা হয়নি বিধায় বর্ণিত মালামালের বিপরীতে কোন বিল-ভাউচার, আর নোট বা চালান উপস্থাপন করা সম্ভব হয়নি। আপত্তিতে উল্লিখিত ২৪,১১,৮৬৬ টাকা অত্র দপ্তরের বিপরীতে ডেবিট বা ব্যয় দেখানোর বিষয়ে অত্র দপ্তরের নিকট কোন তথ্য নেই।

**সহকারী যন্ত্র প্রকৌশলী (ইনচার্জ), ক্যারেজ এন্ড ওয়াগন, পাহাড়তলী, চট্টগ্রাম:** সিসিএস থেকে অত্র দপ্তরে নিরাপত্তা সামগ্রীর কোনো ধরনের আরনোট, বিল, চালান এবং মালামালের বিতরণ রেজিস্টার প্রেরণ করা হয় নাই। অত্র দপ্তর থেকে ডিএফএ, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম দপ্তরে কোনো ধরনের বিল ও চালান প্রেরণ করা হয়নি। কিভাবে চালান ব্যতীত উক্ত ৩৩,৮১,৬৩৮ টাকার বিল পরিশোধ করা হয়েছে তার ব্যাপারে অত্র দপ্তর অবহিত নয়।

**বিভাগীয় যন্ত্র প্রকৌশলী/লোকো, কমলাপুর, ঢাকা:** ২০১৯-২০২০ অর্থবছরে অর্থনৈতিক কোড ৩২৫৩১০২ (নিরাপত্তা সমগ্রী) এ বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় সংক্রান্ত কোন বিল ভাউচার, আরনোট, মালামালের চালান, ইত্যাদি অত্র দপ্তরে অদ্যাবধি গৃহীত হয়নি। এ সংক্রান্ত কোন তথ্যাদি সর্ম্পকে অত্র দপ্তর অবগত না থাকায় বর্ণিত বিষয়ের তথ্যাদি উপস্থাপন করা সম্ভব হচ্ছে না।

**বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, ক্যারেজ এন্ড ওয়াগন, কমলাপুর, ঢাকা:** ২০১৯-২০২০ অর্থবছরে বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী/ক্যারেজ এন্ড ওয়াগন/ঢাকা দপ্তর থেকে কোন ধরণের নিরাপত্তা সামগ্রীর ক্রয়কার্য সম্পন্ন না করায় এবং বিশেষ চাহিদাপত্রের বিপরীতে সংগৃহীত নিরাপত্তা সামগ্রী সংশ্লিষ্ট কোন মালামালের আর নোট, চালান ইত্যাদি অত্র দপ্তরে গৃহীত না হওয়ায় অর্থনেতিক কোড নং ৩২৫৩১০২ (নিরাপত্তা সমগ্রী) থেকে অর্থ সমন্বয়ের সাথে এ দপ্তরের কোনরূপ সংশ্লিষ্টতা নেই **[বিস্তারিত পরিশিষ্ঠ-০৬(২)]**।

**অডিট মন্তব্যঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে আপত্তিটি স্বীকৃতি লাভ করেছে। কারণ মালামাল ক্রয় না করেই সরকারি কোষাগার থেকে অর্থ উত্তোলন করা হয়েছে এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের জবাব অনুযায়ী পণ্য ক্রয়ের বিপরীতে বাজেট ডেবিট হয়েছে বিধায় বিষয়টি তাদের না জানার কথা নয়। এছাড়া সংশ্লিষ্ট দপ্তরকে না জানিয়ে মালামাল ক্রয় দেখিয়ে বাজেট ডেবিট করার বিষয়টি জানার পরও ক্রয়কারী প্রতিষ্ঠানের কাছে এ সংক্রান্ত কোন ব্যাখ্যা চাওয়া হয়নি। সুতরাং মালামাল ক্রয়ের বিষয় সংশ্লিষ্ট দফতরের ( ভোক্তা বিভাগ ) অবগত না হওয়ার বিষয়টি অযৌক্তিক।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ দায়ি ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৭**

**শিরোনাম: ভান্ডার বিভাগ অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে মালামাল ক্রয় করে ঠিকাদারকে ৩৫,৭৩,২৮২ (পঁয়ত্রিশ লক্ষ তিয়াত্তর হাজার দুইশত বিরাশি টাকা মাত্র) টাকা অতিরিক্ত পরিশোধ।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম এর অধীন বিভাগীয় তত্ত্বাবধায়ক, সৈয়দপুর কার্যালয়ে ২০২০-২০২১ অর্থবছরে ভান্ডার বিভাগ অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে মালামাল ক্রয় করে ঠিকাদারকে ৩৫,৭৩,২৮২ টাকা অতিরিক্ত পরিশোধ হয়েছে।

নিরীক্ষায় বিল রেজিস্টার, বিল, চালান, স্টোর বিভাগের লেজার কার্ড এবং সংশ্লিষ্ট মালামালের ক্রয়মূল্য পর্যালোচনায় দেখা যায় যে, মালামালসমূহ ক্রয়ের ক্ষেত্রে যথাযথভাবে দাপ্তরিক প্রাক্কলন না করে এবং স্টোর বিভাগ কর্তৃক একই মালামাল যথা Fire BRICK P-9 ১৭৯.৯০ টাকা, S.M. Checkered Plate ২৫,৮৯৯ টাকা এবং Hard Coke ৯৮,৭৫০ টাকা যে মূল্যে ক্রয় করা হয়েছে একই ধরনের মালামাল তার চেয়ে অতিরিক্ত বেশি মূল্যে বিভাগীয় তত্ত্বাবধায়ক, সৈয়দপুর কার্যালয় কর্তৃক যথাক্রমে ১,১৩২ টাকা, ৩৯,৫২৩ টাকা ১,৩১,৪০০ টাকা ক্রয় করা হয়েছে। ফলে সরকারের ৩৫৭৩২৮২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

পিপিআর-২০০৮ এর বিধি ১৬ (৫) (ক) এ ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্ত করণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহবানের পূর্বে উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ক্রয়কারী কর্তৃক নিজ এবং অন্য ক্রয়কারীর প্রতিনিধিসহ তিনজন সদস্য সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলন ব্যয় প্রস্তুত করার এবং দাপ্তরিক প্রাক্কলন ব্যয় প্রস্তুতকালে পরিবহন ব্যয়, ওভারহেড, মুনাফা, ঝুঁকি, ভৌগলিক অবস্থান, জটিলতা অনগ্রসরতা, জেলা সদর ব্যয় কর্মস্থল হতে দূরত্ব, প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর এবং অগ্রিম আয়করসহ আনুষঙ্গিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করার নির্দেশনা থাকলেও আলোচ্য ক্ষেত্রে উক্ত নির্দেশনা পরিপালন করা হয়নি। এছাড়া রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭(১) অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারী অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন উল্লেখ থাকলেও তা পরিপালন করা হয়নি। ফলে উল্লিখিত বিধিসমূহ পরিপালন না করে মালামাল ক্রয় করায় ৩৫৭৩২৮২ টাকা ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০৭]**।

এছাড়াও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়ের জন্য দরপত্র আহবানের বিজ্ঞপ্তি বিভিন্ন দপ্তরে প্রচারের কথা লেখা হলেও বাস্তবে উক্ত বিজ্ঞপ্তিসমূহ প্রেরণের স্বপক্ষে প্রমাণক পাওয়া যায়নি।

**অনিয়মের কারণ:**

পিপিআর-০৮ এর বিধি ১৬(৫)(ক) এবং রেলওয়ে জেনারেল কোড ভলিউম-১ এর প্যারা ৮০৭ লংঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

ক) রেলওয়ে মালামালসমূহ বিশেষায়িত হওয়ায় এ ধরণের মালামাল সচরাচর স্থানীয় বাজারে সরবরাহ পাওয়া যায় না বিধায় বাংলাদেশ রেলওয়ের তালিকাভুক্ত এবং অনুমোদিত যে সকল সরবরাহকারী প্রতিষ্ঠান গুণগত মানসম্পন্ন রেলওয়ের বিশেষায়িত মালামাল সরবরাহ করে থাকেন তাদের নিকট কোটেশন আহবান করা হয়। সেই মোতাবেক সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের উদ্ধৃত দরের ভিত্তিতে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুতপূর্বক দরপত্র প্রক্রিয়া (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক অনুমোদন, দরপত্র আহবান, টিওসি, টিইসি এবং চূড়ান্ত অনুমোদন ইত্যাদি) শেষে যথাযথভাবে PPR-2008 অনুসরণ করে ক্রয় কার্য সম্পন্ন করা হয়েছে।

খ) বাংলাদেশ রেলওয়ে কারখানার আউটটার্ন সচল রাখার স্বার্থে জরুরি ভিত্তিতে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(২) মোতাবেক রেলওয়ে তালিকাভুক্ত সরবরাহকারীর নিকট হতে মালামাল সরবরাহ নেয়া হয়েছে। সে মোতাবেক চুক্তি নং- সৈ.কা./পিপি/পিই-২০-২১/ফাউন্ড্রি-০১, তারিখ- ১৬/১১/২০২০ খ্রি. এর ক্ষেত্রে যথাযথ নিয়ম মেনেই দরপত্র আহবান করা হয়েছে। সীমিত দরপত্র পদ্ধতিতে মালামাল ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহবানের কপি বিভিন্ন দপ্তরে যথাযথভাবে প্রেরণ করা হয়েছে। উক্ত অনুলিপিসমূহ প্রেরণের স্বপক্ষে প্রমাণক নথিতে সংযোজন করত একটি কপি এতদ্সঙ্গে সংযুক্ত করা হল। এক্ষেত্রে কোন অনিয়ম হয়নি এবং সরকারের কোন আর্থিক ক্ষতি সাধিত হয়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, একই পণ্য সমসাময়িক সময়ে ভান্ডার বিভাগের চেয়ে বেশি মূল্যে ক্রয় করা হয়েছে। এছাড়াও জবাবে যথাযথভাবে দাপ্তরিক প্রাক্কলন প্রণয়নের কথা উল্লেখ করা হলেও সঠিক নয়। কারণ সঠিকভাবে বাজার যাচাই করে দাপ্তরিক প্রাক্কলন প্রণয়ন করা হলে বাজার মূল্যের চেয়ে অধিক মূল্যে প্রাক্কলন প্রণয়ন করা হতো না। অধিক মূল্যে প্রাক্কলন প্রণয়ন করায় রেলওয়ের ক্ষতি হয়েছে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে ১৯/০১/২০২২ খ্রি. তারিখে AIR, ১৪/০২/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

উল্লিখিত অনিয়মের জন্য দায়দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ি ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৮**

**শিরোনাম: উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ না করে সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করে অনিয়মিতভাবে ৫৩,২০,০২০ (তিপ্পান্ন লক্ষ বিশ হাজার বিশ) টাকার বিল পরিশোধ।**

**বিবরণ:**

বাংলাদেশ রেলওয়ের প্রধান যন্ত্র প্রকৌশলী, পশ্চিম ও পূর্ব এর অধীন বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী, লোকো এবং ক্যারেজ এন্ড ওয়াগন, পাকশী এবং বিভাগীয় যন্ত্র প্রকৌশলী, লোকো, পাহাড়তলী কার্যালয়ে ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে উম্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ না করে সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করে অনিয়মিতভাবে ৫৩,২০,০২০ টাকার বিল পরিশোধ করা হয়েছে।

নিরীক্ষায় চাহিদাপত্র, দাপ্তরিক প্রাক্কলন, বিল রেজিস্টার, টেন্ডার ডকুমেন্ট, কার্যাদেশ এবং চুক্তিপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, উল্লিখিত দপ্তর হতে তালিকায় বর্ণিত যেসকল পণ্য যেমন: ফার্নিচার, সিসি ক্যামেরা, ফটোকপিয়ার মেশিন, সাদা টুইল কাপড়, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ডেস্কটপ কম্পিউটার, আইপিএস ইত্যাদি ক্রয় করা হয়েছে তা অতীব জরুরি বা বিশেষায়িত পণ্য নয়। বিশেষায়িত পণ্য/মালামাল না হওয়া সত্ত্বেও OTM না করে LTM এর মাধ্যমে ৫৩,২০,০২০ টাকার মালামাল ক্রয় করা হয়েছে। পিপিআর/২০০৮ এর বিধি ৬৩ অনুযায়ী, যেসকল ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা তাদের বিশেষ বৈশিষ্টের কারণে কেবলমাত্র সীমিত সংখ্যক যোগ্যতা সম্পন্ন সরবরাহকারী বা ঠিকাদারের নিকট হতে প্রাপ্তিসাধ্য সেসকল ক্ষেত্রে এবং জরুরী প্রয়োজনে পণ্য ক্রয়ের ক্ষেত্রে LTM পদ্ধতি অনুসরণ করার কথা। কিন্তু এ ক্ষেত্রে উল্লিখিত আইটেমগুলি বিশেষায়িত না হওয়া সত্ত্বেও উক্ত বিধি লঙ্ঘন করে LTM পদ্ধতি অনুসরণপূর্বক চুক্তি সম্পাদন করে ৫৩,২০,০২০ টাকা বিল পরিশোধ করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-০৮(১-২)**]।

**অনিয়মের কারণ:**

পিপিআর/০৮ এর বিধি ৬৩ অনুযায়ী জরুরি প্রয়োজনীয় পণ্য না হওয়া সত্ত্বেও LTM এর মাধ্যমে ক্রয় করায় বিধি লংঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

